# উত্তর দিনাজপুর জেলা পরিষদ,

## কর্ণজোড়াঃ রায়গঞ্জ।

স্মারক সংখ্যাঃ ২৭০৮/উদিজেপ/রিসোঃ মোবিঃ/এক্সএক্স /মিস/২০১৮/০৩৯/(পার্ট ফাইল) দিনাঙ্কঃ ২৮/১১/২০২৫

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন জেলা পরিষদ ক্যাম্পাসের অভ্যন্তরে ২য় তলায় অবস্থিত ডাইনিং হল এবং রান্নাঘর নিয়ে গঠিত জেলা পরিষদ ক্যান্টিনের ০১-০১-২০২৬ থেকে ৩১-১২-২০২৬ পর্যন্ত ০১ বছরের ইজারা বিলির জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। উক্ত ক্যান্টিনটি ইজারা নিতে ইচ্ছুক কো-অপারেটিভ সোসাইটি পাটনারশিপ ফার্ম/স্ব-নির্ভর গোষ্ঠী(কো-অপারেটিভ সোসাইটি/পার্টনারশিপ ফার্ম বলতে পশ্চিম বঙ্গ ভূমি ও ভূমি সংস্কার ম্যানুয়াল ১৯৯১ এর ২৬৬ ধারা অনুযায়ী গঠিত কো-অপারেটিভ সোসাইটি/পাটনারসিপ ফার্ম বোঝাবে) এবং ব্যক্তি-বিশেষকেও লীজে অংশ গ্রহণের সুযোগ দেওয়া হবে। উক্ত লীজে নিম্নলিখিত সময়ে ও স্থানে নিজ নিজ আবেদনপত্র সাদা কাগজে অথবা নিজস্ব প্যাডে লিখে জেলা পরিষদের নির্ধারিত বাক্সে জমা দিবেন।

প্রকাশ থাকে যে, নিম্নলিখিত পরিমান অর্থ আমানত বাবদ অগ্রিম জমা কার্যকাল মেয়াদ পর্যন্ত রাখতে হবে। যারা আমানত বাবদ অগ্রিম জমা টাকা আবেদনপত্রের সংগে জমা করবেন কেবল মাত্র তারাই ওপেন বিড -এ অংশ নিতে পারবেন। বায়নার টাকা নগদে জমা করতে পারবেন।

| ক্রমিক নম্বর | ক্যান্টিনের বিবরন | ন্যুনতম দর | আমানত বাবদ অগ্রিম জমা ৩৫% |
|---|---|---|---|
| ১। | জেলা পরিষদ ক্যান্টিন, কর্ণজোড়া, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর | ৭০,০০০/-(সত্তর হাজার টাকা মাত্র | ২৪,৫০০ /- (চব্বিশ হাজার পাঁচ শত টাকা) মাত্র |

আবেদনপত্র জমা দেওয়ার তারিখ/সময়ঃ **১৯-১১-২০২৫ থেকে ০২-১২-২০২৫** বেলা **১১.০০ ঘটিকা থেকে ১.০০ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন বাদে)**

আবেদনপত্র খোলার তারিক/সময়/স্থানঃ ০২-১২-২০২৫ বেলা ২.০০ ঘটিকা, **উদিজেপ এর রবীন্দ্র সভাকক্ষ।**

বিভিন্ন শর্তাবলী নিম্নে দেওয়া হলঃ

১। আবেদনপত্র জমা দেবার শেষ তারিখঃ **০২-১২-২০২৫** বেলা ১.০০ ঘটিকা।

২। উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন উপরোক্ত ক্যান্টিনটি **০১-০১-২০২৬ তারিখ থেকে ৩১-১২-২০২৬** তারিখ পর্যন্ত মোট **এক বছরের** জন্য ইজারা দেওয়া হবে। উক্ত ক্যান্টিনের জন্য সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরই ঐ সময়ের জন্য **খাজনা** হিসাবে ধার্য হবে।

৩। প্রথম সর্বোচ্চ দরদাতাকে ০৯-১২-২০২৫ তারিখের মধ্যে ডাকের সমুদয় অর্থ জেলা পরিষদে জমা দিতে হবে। যদি উক্ত দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ অর্থ জমা দিতে ব্যর্থ হন, তবে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে ইজারা গ্রহণের সুযোগ প্রদান করা হবে। অনুরূপভাবে, দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাও যদি নির্ধারিত সময়ে সম্পূর্ণ অর্থ জমা দিতে না পারেন, তবে তৃতীয় সর্বোচ্চ দরদাতাকে সুযোগ দেওয়া হবে। এই প্রক্রিয়া পর্যায়ক্রমে

চলমান থাকবে।তবে যদি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ দরদাতার মধ্যে দরমূল্যের যথেষ্ট পার্থক্য থাকে এবং উক্ত তিনজনের কেউ সম্পূর্ণ অর্থ মিটিয়ে দিতে অসমর্থ হন, তবে জেলা পরিষদ কর্তৃপক্ষ ডাক প্রক্রিয়াটি বাতিল বলে ঘোষণা করতে পারবেন।সর্বোচ্চ দরদাতা সম্পূর্ণ অর্থ জমা না দিলে, আমানত বাবদ অগ্রিম জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ দরদাতাকে অনুরূপ সুযোগ প্রদান করা হবে। আমানত বাবদ অগ্রিম জমার অর্থ বাজেয়াপ্তের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

৪। কোনো কারণ দর্শানো ছাড়াই দর গ্রহণ বা বাতিল করার পূর্ণ ক্ষমতা জেলা পরিষদ কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে। এ বিষয়ে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

৫। যে সকল দরদাতা ক্যান্টিন দখলের সুযোগ প্রাপ্ত হওয়ার পর ক্যান্টিন গ্রহণে অস্বীকৃতি জানাবেন, তাদের আমানত বাবদ অগ্রিম জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে। কোনো প্রকার প্রতারণা সংঘটিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধি অনুসারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তদুপরি, ক্যান্টিন লিজ সংক্রান্ত বিষয়ে জেলা পরিষদের যে কোনো আর্থিক ক্ষতি হলে, তার সম্পূর্ণ দায় উক্ত দরদাতার উপর বর্তাবে।

৬। যদি কোনো দরদাতা নিজ নাম গোপন রেখে **কাল্পনিক নামে আবেদন** করেন, অথবা নোটিশ, চুক্তিপত্র (Agreement)-এর শর্তাবলি কিংবা জেলা পরিষদের আদেশাদি **অমান্য করেন**, অথবা অন্য কোনো প্রকারে জেলা পরিষদকে **প্রতারণার চেষ্টা করেছেন বলে প্রমাণিত হয়**, তবে উক্ত দরদাতা **আইন অনুযায়ী দণ্ডনীয় অপরাধে অভিযুক্ত হবেন।**

৭। যিনি/যারা ইজারাদার হিসেবে নিযুক্ত হবেন, তিনি/তারা ইজারা প্রাপ্তির তারিখ হতে **০৩ (তিন) দিনের মধ্যে ₹১০০.০০** (একশত টাকা মাত্র) **নন-জুডিশিয়াল স্ট্যাম্পে** জেলা পরিষদের নির্ধারিত **চুক্তিপত্রে স্বাক্ষর করে চুক্তি সম্পাদন করবেন**।অন্যথায় উক্ত ক্যান্টিনের **দখলি পরোয়ানা** (Possession Order) প্রদান করা হবে না। এবং যিনি উক্ত পরোয়ানা গ্রহণ না করে **নিজ উদ্যোগে দখল গ্রহণের চেষ্টা করবেন**, তিনি **অনধিকার প্রবেশের অপরাধে আইনত দণ্ডনীয় হবেন।**

৮। দরপত্র জমা দেওয়ার সময় নির্ধারিত **আমানত বাবদ অগ্রিম জমা ৩৫%** ও নিম্নলিখিত নথিপত্র জমা দিতে হবে।-

**ক। ভোটার কার্ড।**

**খ। আধার কার্ড।**

**গ। ট্রেড লাইসেন্স**

**ঘ। ফুড লাইসেন্স**

৯। <u>অন্যান্য নিয়মাবলি নিম্নরূপঃ</u>

ক। সফল ব্যাক্তি/পার্টি অফিসের সময় অর্থাৎ সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত ডাইনিং হল এবং রান্নাঘর সমন্বিত ক্যান্টিন পরিচালনা করবে। ছুটির দিনে এবং অফিস সময়ের বাইরে কাজ করার জন্য, জেলা পরিষদের থেকে কমপক্ষে ০১ কার্যদিবস আগে লিখিত অনুমতি নিতে হবে।

খ। যেহেতু ক্যান্টিনের প্রাথমিক উদ্দেশ্য হল জেলা পরিষদ এবং আশেপাশের বিভিন্ন সংশ্লিষ্ট অফিস কর্মীদের স্বাস্থ্য সম্মত খাবার এবং জলখাবার সরবরাহ করা, তাই অফিসের নিয়মাবলি সর্বদা বজায় রাখতে হবে এবং উচ্চস্বরে গান বাজানো বা পার্টির আয়োজন করা যাবে না। অফিসিয়াল উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ অনুমোদিত নয়। একইভাবে, কোনো বার/মদ লাইসেন্সের অনুমতি/এনওসি দেওয়া হবে না কারণ অফিস প্রাঙ্গনে কোনো অ্যালকোহলযুক্ত পানীয় পরিবেশন কঠোরভাবে নিষিদ্ধ। । এই ধারার যেকোনো একটি লঙ্ঘন হলে সমস্ত প্রদত্ত পরিমাণ এবং ইএমডি বাজেয়াপ্ত করার সাথে সাথে ক্যান্টিন পরিচালনার অধিকার বাতিলের দিকে পরিচালিত করবে। এ ব্যাপারে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই পূর্ণাঙ্গ ও চূড়ান্ত হবে।

গ। ক্যান্টিন পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল **লাইসেন্স, পারমিট ও অনুমোদনপত্র** লীজগ্রহীতা তার নিজস্ব **খরচে ও নিজ উদ্যোগে** সংগ্রহ করবেন। লীজগ্রহীতার পক্ষ থেকে জেলা পরিষদকে **এই সংক্রান্ত কোনো দায়, ক্ষতিপূরণ বা আইনি জটিলতার জন্য দায়ী করা যাবে না।** এছাড়া জেলা পরিষদের নামে বা কমিশনের কোনো কার্যক্রমে, অথবা দেশীয় বা অন্য কোনো আইন লঙ্ঘনের ফলে উদ্ভূত **যে কোনো ফলাফল বা ক্ষতির দায়ভার সম্পূর্ণভাবে লীজগ্রহীতার উপর বর্তাবে।**

ঘ। ক্যান্টিন পরিচালনার জন্য অন্যান্য সমস্ত ডিভাইস/সরঞ্জাম/ফিটিং লীজ গ্রহীতা তার নিজস্ব খরচে করবে। সঠিক সময় শেষ হওয়ার পরে নিজ খরচে এই ধরনের সমস্ত সরঞ্জাম খুলে নিতে হবে এবং লীজ গ্রহীতা নিজেই প্রাঙ্গন থেকে সরিয়ে ফেলতে হবে।

ঙ। ডাইনিং হল এবং রান্নাঘর সহ ক্যান্টিন শুধুমাত্র যেখানে আছে সেখানেই সরবরাহ করতে হবে এবং জেলা পরিষদের সিভিল বা বৈদ্যুতিক কাজ বা অভ্যন্তরীণ সজ্জা বা আসবাবপত্র এবং ফিক্সচারের উপরে এবং উপরে যে কোনও আইটেম পরিবর্তন/পরিবর্তন/সংযোজন বা বিয়োগ করতে দায়বদ্ধ থাকবে না। ডাইনিং হল এবং রান্নাঘরের জায়গা সহ উল্লিখিত ক্যান্টিনে বিদ্যমান। প্রধান লাইন থেকে জলের সংযোগ শুধুমাত্র বিদ্যমান লাইন থেকে ক্যান্টিনে প্রদান করা হবে।

চ। সফল লীজ গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত সিভিল বা বৈদ্যুতিক কাজে কোন উল্লেখযোগ্য পরিবর্তন করবে না বা ক্যান্টিনের প্রকৃতি পরিবর্তন বা বৈদ্যুতিক তারের পরিবর্তন করার চেষ্টা করবে না। যেকোনো ছোটখাটো মেরামত, অস্থায়ী স্টোরেজ ক্যাবিনেটের সংযোজন বা অস্থায়ী পার্টিশন, অভ্যন্তরীণ সজ্জা এবং পেইন্টিং/ওয়াল পেপার লীজ গ্রহীতা তাদের নিজস্ব খরচে করতে পারে শর্ত সাপেক্ষে যে এই ধরনের পরিবর্তনগুলি পূর্বাবস্থায় ফিরিয়ে আনা সম্ভব এবং তার খরচ লীজ গ্রহীতা নিজে বহন করবেন অন্যথায় তার আমানত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

ছ। বৈদ্যুতিক বিল সহ সমস্ত চলমান খরচ সরাসরি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে লীজ গ্রহীতার দ্বারা পরিশোধ করতে হবে। শুধুমাত্র বিদ্যমান জলের পাইপলাইন ব্যবহার করে লীজ গ্রহীতাকে ক্যান্টিন চালানোর উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ যুক্তিসঙ্গত জল সরবরাহ করা হবে। জল সরবরাহে কোনও ব্যাঘাত ঘটলে, জেলা পরিষদ কর্তৃপক্ষকে ৭২ ঘন্টার মধ্যে জানাতে হবে।

জ। নির্বাচিত পক্ষকে জেলা পরিষদ কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত ক্যান্টিন পরিচালনার জন্য কোনো তৃতীয় পক্ষের সাথে চুক্তি করার অনুমতি দেওয়া হবে না। জেলা পরিষদ কর্তৃপক্ষের সমস্ত যুক্তিসঙ্গত সময়ে প্রাঙ্গন পরিদর্শনের অধিকার থাকবে।

ঝ। স্বাস্থ্যবিধি, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং খাদ্য নিরাপত্তার মান বজায় রাখতে হবে।

ঞ। মেয়াদ শেষে জেলা পরিষদের সন্তুষ্টি সাপেক্ষে এবং পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে, লিজগ্রহীতা চুক্তি নবায়নের আবেদন করতে পারবেন। তবে চুক্তি নবায়নের ক্ষেত্রে পূর্ববর্তী লীজ মূল্যের উপর অতিরিক্ত ৫% অর্থ প্রদান করতে হবে, যা নবায়িত চুক্তির জন্য প্রযোজ্য হবে।

ট। ক্যান্টিনে কর্মরত ব্যক্তিদের পরিচয় লীজপ্রদানকারিকে জানাতে হবে।

ঠ। চুক্তির শর্ত ভঙ্গ করলে পূর্ব নোটিশ ছাড়াই চুক্তি বাতিল করা যেতে পারে এছাড়া গুরুতর অভিযোগ প্রমাণিত হলে লিজ বাতিল ও জামানত বাজেয়াপ্ত হতে পারে।

উপ- সচিব,
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

স্মারক সংখ্যাঃ ২৭০৮/উদিজেপ/রিসোঃ মোবিঃ/এক্সএক্স /মিস/২০১৮/০৩৭/(পার্ট ফাইল) দিনাঙ্কঃ ২৮/১১/২০২৫

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল-

১। সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

২। নির্বাহী আধিকারি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

৩। পুলিশ সুপার, উত্তর দিনাজপুর। মহাশয়ের নিকট ০২-১২-২০২৫ তারিখে বেলা ১০.০০ ঘটিকা থেকে জেলা পরিষদ চত্বরে পুলিশ মোতায়েনের ব্যবস্থা করার জন্য আবেদন করা হচ্ছে।

৪। সহকারি সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

৫। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

৬। জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, উত্তর দিনাজপুর।

৭। সচিব, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

৮। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ণ আধিকারিক, উত্তর দিনাজপুর।

৯। বিত্ত নিয়ামক ও মূখ্যগনন আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

১০। কর্মাধ্যক্ষ, পূর্ত-কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

১১। কর্মাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

১২। মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।

১৩। নির্বাহী আধিকারিক, রায়গঞ্জ পঞ্চায়েত সমিতি, উত্তর দিনাজপুর। আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৪। প্রধান, কমলাবারি-১ গ্রাম পঞ্চায়েত, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৫। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর দিনাজপুর।

১৬। নোটিশ বোর্ড, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

১৭। ডি.আই.এ, উত্তর দিনাজপুর জেলা পরিষদ। আপনাকে জেলা পরিষদের ওয়েব সাইটে বিষয়টি প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৮। অফিস অধীক্ষক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

উপ- সচিব,
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।